গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৪.২২(অংশ-১)-২৩১

তারিখ: ২৩ মাঘ ১৪২৯ / ০৬ ফেব্রুয়ারি ২০২৩

## প্রজ্ঞাপন

যেহেতু জনাব মোঃ তাজকিন আহমেদ, পিতা: আবুল কাশেম, গ্রাম: কামালনগর (আবুল কাশেম সড়ক), ডাকঘর: সাতক্ষীরা-৯৪০০, উপজেলা: সদর, জেলা: সাতক্ষীরা, সাতক্ষীরা পৌরসভার মেয়র এর দায়িত্ব পালন করছেন; এবং

যেহেতু, তাঁর বিরুদ্ধে রাষ্ট্রের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের বিরুদ্ধে অপ-প্রচারসহ নানাবিধ অন্তর্ঘাতমূলক কার্যকলাপ ও নাশকতামূলক কাজে জড়িত থাকার অভিযোগ এনে সাতক্ষীরা থানায় মামলা নং-৫১ (তারিখ: ২৪/১২/২০২২ খ্রি.) এবং বিজ্ঞ চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, সাতক্ষীরায় জি.আর মামলা নং-৯৬২/২০২২ দায়ের করা হয়েছে; এবং

যেহেতু, তার বিরুদ্ধে The Explosive Substance Act, 1908-এর ধারা ৪/৬ নং এবং The Special Powers Act, 1974-এর ধারা ১৫(৩)/২৫ মোতাবেক উক্ত মামলা দায়ের করা হয়েছে; এবং

যেহেতু, উক্ত জি.আর মামলা নং-৯৬২/২০২২ হতে উদ্ভূত ক্রিমিনাল মিস-৭০১২৯/২০২২ এর ২৪/০১/২০২৩ খ্রি. তারিখে আদেশ নং-১৯ বলে তাকে জেল হাজতে প্রেরণ করা হয়েছে; এবং

যেহেতু, রাষ্ট্রীয় হানিকর কার্যকলাপে জড়িত থাকার অভিযোগে তাকে মেয়র এর পদ হতে অপসারণের কার্যক্রম শুরু করা হয়েছে; এবং

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী কোন পৌরসভার মেয়র এর বিরুদ্ধে অপসারণের কার্যক্রম শুরু করা হলে অথবা ফৌজদারী মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে, সেক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় মেয়র কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থী অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হলে, সরকার কর্তৃক লিখিত আদেশের মাধ্যমে মেয়র অথবা কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করতে পারবে মর্মে বিধান রয়েছে; এবং

যেহেতু, বিজ্ঞ চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, সাতক্ষীরা কর্তৃক তাকে বর্তমানে জেল হাজতে প্রেরণ করায়, তার কর্তৃক সাতক্ষীরা পৌরসভার মেয়র এর ক্ষমতা প্রয়োগ করা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে,

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী জনাব মোঃ তাজকিন আহমেদ, পিতা: আবুল কাশেম, গ্রাম: কামালনগর (আবুল কাশেম সড়ক), ডাকঘর: সাতক্ষীরা-৯৪০০, উপজেলা: সদর, জেলা: সাতক্ষীরা-কে সাতক্ষীরা পৌরসভার মেয়র এর পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৬/০২/২০২৩

মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৪.২২(অংশ-১)-২৩১/১(১০)

তারিখ: ২৩ মাঘ ১৪২৯ / ০৬ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. জেলা প্রশাসক, সাতক্ষীরা
৬. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সাতক্ষীরা পৌরসভা, সাতক্ষীরা
৯. প্যানেল মেয়র-১, সাতক্ষীরা পৌরসভা, সাতক্ষীরা
১০. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১১. জনাব মোঃ তাজকিন আহমেদ, পিতা: আবুল কাশেম, গ্রাম: কামালনগর (আবুল কাশেম সড়ক), ডাকঘর: সাতক্ষীরা-৯৪০০, উপজেলা: সদর, জেলা: সাতক্ষীরা (সাময়িক বরখাস্তকৃত মেয়র, সাতক্ষীরা পৌরসভা)

০৬/০২/২০২৩

মোঃ আব্দুর রহমান
উপসচিব